

2 0 1 6

BENGALI

( Major )

Paper : 6.2

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। সংক্ষিপ্ততম উত্তর দাও :

১×৭=৭

- (ক) নিবারণ চক্রবর্তী কার ছদ্মনাম ?
- (খ) কেটি মিটারের আসল নাম কী ?
- (গ) শোভনলালের বাবার নাম কী ?
- (ঘ) 'নিশীথে' গল্পের ডাক্তারের নাম কী ?
- (ঙ) মতিলালবাবু কোন্ গ্রামের জমিদার ?
- (চ) বিনোদবিহারীর স্ত্রীর নাম কী ?
- (ছ) মেহের আলি চরিত্রটি কোন্ গল্পে আছে ?

২। অতি সংক্ষেপে উত্তর দাও :

২×৪=৮

- (ক) লাভণ্য ও অমিত পরস্পরকে কী নামে ডাকত ?
- (খ) "তুমি কনগ্রেসে চাঁদা দিয়াছ বলিয়া তোমাকে প্রেফতার করিতে আসে নাই তো?" কে, কাকে এ কথাটি বলেছে ?

- (গ) “পূর্বের মতোই আমার লাইব্রেরিতে বসেই তুমি কাজ করবে, কিছুমাত্র সংকোচ করবে না।” কে, কাকে এ কথা বলেছেন?
- (ঘ) ‘আপদ’ গল্পের বাগানবাড়িটি কোথায় এবং কোন্ নদীর ধারে অবস্থিত?

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=

- (ক) অমিতের সঙ্গে যোগমায়া'র পরিচয়-পর্বটি সংক্ষেপে বর্ণনা করো।
- (খ) “সমস্ত শিলঙ পাহাড়ের শ্রী আজ চলে গেছে।” কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো।
- (গ) ‘প্রতিহিংসা’ গল্পের অস্বিকাচরণ চরিত্রটি আলোচনা করো।
- (ঘ) “আমার বন্ধের মধ্যে একপ্রকার কম্পন হইতে লাগিল; সে উত্তেজনা ভয়ের কি আনন্দের কি কৌতূহলের, ঠিক বলিতে পারি না।” বক্তার এই প্রতিক্রিয়ার কারণ নির্দেশ করো।
- (ঙ) ‘রাজটিকা’ গল্পের প্রমথনাথ চরিত্রটি সম্বন্ধে নিজের ভাষায় লেখো।

- ৪। (ক) “ ‘শেষের কবিতা’র নায়িকা লাভণ্যের মধ্যে আমরা দেখি আত্ম-আবিষ্কারের চিত্র। লাভণ্য নিশ্চিত জেনেছিল নিজেকে, সেই সঙ্গে চিনেছিল অমিতকে। তাই অমিতের পাগলামিতে সায় দেয়নি।” এই মন্তব্যের আধারে লাভণ্য চরিত্রটি আলোচনা করো।

অথবা

- (খ) ‘শেষের কবিতা’ উপন্যাসের অন্তর্গত ‘সংঘাত’ অথবা ‘নূতন পরিচয়’ শীর্ষক পরিচ্ছেদের ঘটনাবলি বিবৃত করো। ১০

- ৫। (ক) ‘নিশীথে’ গল্পটিতে একটি ‘আর্ত অপরাধী মনের প্রতিচ্ছবি’ কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো। ১০

অথবা

- (খ) “প্রথম থেকেই তারাপদর চরিত্রে একটা স্বাতন্ত্র্য ও ব্যতিক্রমী ব্যক্তিত্ব আরোপ করার প্রবণতা দেখিয়েছেন রবীন্দ্রনাথ। ধীরে ধীরে তারাপদর কৈশোরের যে বিকাশ দেখিয়েছেন লেখক তা সচরাচর সাধারণ কিশোরের স্বভাব, ও আচার আচরণের সঙ্গে মেলে না।” এই বক্তব্যের আধারে তারাপদ চরিত্র বিশ্লেষণ করো। ১০

- ৬। (ক) “যাহাকে চিরকাল কাছে রাখা যাইবে না তাহাকে কিছুদিন আদর দিয়া তাহার মায়্যা বসিতে দেওয়া ভালো হয় নাই।” উদ্ধৃতিটি অবলম্বনে কিরণময়ীর প্রতি নীলকান্তের আন্তরিক ভালোবাসা ও অধিকারবোধের একটি পরিচয় দাও। ১০

অথবা

- (খ) ‘শেষের কবিতা’ উপন্যাসের নামকরণ যথার্থ হয়েছে কী না, বিচার করো। ১০

★ ★ ★